৩

দৈনিক বাংলা

তারিখ 08 AUG 1993
পৃষ্ঠা ১ কলাম ৩

# পাবনা ক্যাডেট কলেজের ২৭ জন মেধা তালিকায়

মীর্জা শামসুল ইসলাম : এবার রাজশাহী শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষায় পাবনা ক্যাডেট কলেজ মেধা তালিকায় শীর্ষে রয়েছে। এই ক্যাডেট কলেজ থেকে বিজ্ঞান বিভাগে ৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে সম্মিলিত মেধা তালিকায় ১ম থেকে ৪র্থসহ ২৩ জন শীর্ষ স্থানে রয়েছে। উক্ত ক্যাডেট কলেজের সমাজ বিজ্ঞান বিভাগে ৪ জন পরীক্ষার্থীর মধ্যে সম্মিলিত মেধা তালিকায় ১মসহ ৪ জনই মেধা তালিকায় স্থান পেয়েছে। দুই গ্রুপের মেধা তালিকায় স্থান পেয়েছে মোট ২৭ জন।

বিজ্ঞান বিভাগে অপর ২২ জন স্টার নম্বর পেয়েছে। পাবনা ক্যাডেট কলেজের অধ্যক্ষ আবুল আশরাফ নুর জানান, পরীক্ষার্থীদের আত্মবিশ্বাস, নিয়মানুবর্তিতা এবং শিক্ষকদের আপ্রাণ প্রচেষ্টাই এই সফলতার কারণ।

এই মুহূর্তে তার কেমন লাগছে এ প্রশ্নের উত্তরে আনন্দ উদ্বেলিতকণ্ঠে অধ্যক্ষ জানান, আমার কলেজের প্রতিটা ছেলেই

(৭-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পাবনা ক্যাডেট

(প্রথম পৃষ্ঠার পর)

ভবিষ্যতে অনুরূপভাবে সফলতা দেখাবে এটাই আমার কাম্য। তিনি তার কলেজের সকল শিক্ষককে তাদের পরিশ্রমের জন্য ধন্যবাদজানান।

উল্লেখ্য, ১৯৯০ সালেও পাবনা ক্যাডেট কলেজ থেকে এসএসসি পরীক্ষায় ১৭ জন মেধা তালিকায় স্থান পেয়েছিল।